

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 April, 2025

নওগাঁর পোরশা উপজেলায় এক স্কুলছাত্রীকে গণধর্ষণের মামলায় ২ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাদের প্রত্যেককে এক লাখ টাকা করে জরিমানা, অনাদায়ে ৬ মাসের বিনাশ্রম ও ৬ মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১২টার দিকে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ এর বিচারক মো. মেহেদী হাসান তালুকদার এ রায় দেন।

রাষ্ট্রপক্ষের আইনজীবী নারী শিশু নির্যাতন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর (পিপি) রেজাউল করিম যাবজ্জীবন কারাদণ্ডের বিষয়টি নিশ্চিত করেছেন।

যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্তরা হলেন পোরশা উপজেলার সুরানন্দ গ্রামের নাজিম উদ্দিনের ছেলে সাকিল (২৪) ও আলাদিপুর গ্রামের রবুর ছেলে আব্দুল আলীম (৩০)। রায়ের সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন।

আদালত সূত্রে জানা গেছে, ২০২১ সালের ৮ মার্চ রাতে ১৪ বছরের স্কুলছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে সুরানন্দ গ্রামের হাবিবুল্লাহ শাহ-এর আম বাগানের দোচালা ঘরে নিয়ে যান সাকিল। সেখানে সাকিল ও আব্দুল আলীম ওই ছাত্রীকে জোরপূর্বক পালাক্রমে ধর্ষণ করেন। পরে ছাত্রী নিজেই থানায় অভিযোগ করলে পুলিশ তদন্ত শেষে ঘটনার সত্যতা পেলে থানায় আসামিদের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়। শুনানি শেষে আজ মঙ্গলবার ১০ জন সাক্ষীর বক্তব্যের ভিত্তিতে আদালত ২ জনকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ড দেন। এ

সময় বিচারক ধৰ্মণের শিকার স্কুলছাত্রীকে জরিমানার টাকা দেওয়ার নির্দেশ দেন।

রায়ে রাষ্ট্রপক্ষের আইনজীবী সন্তোষ প্রকাশ করলেও আসামি পক্ষের আইনজীবী আনোয়ার হোসেন ক্ষোভ প্রকাশ করে উচ্চ আদালতে আপিল করবেন বলে জানান।

স্কুলছাত্রী গণধৰ্মণ কারাদণ্ড আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:27

URL: <https://www.timestodaybd.com/across-the-country/1612871848>